

## চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন

CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ০৩/২০১৩

তারিখঃ ০২/০১/২০১৩খ্রিঃ।

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

১৯ পৌষ, ১৪১৯ বাংলা।

চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, বিজিএমইএ, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন, সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন ও বিকড়া এর সাথে ৩১ ডিসেম্বর, ২০১২ইং তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় পরিচালক (পরিবহন), চবক এর সভাপতিত্বে বন্দর ভবনস্থ বার্ষিক রুমে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সম্মানিত সদস্য/ সদস্যাবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-

এম রহমান

উপ সচিব

### চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

আগামী ০৪ জানুয়ারী, ২০১৩ইং তারিখ ভোর ৬.০০ঘটিকা হতে ০৮ জানুয়ারী, ২০১৩ইং তারিখ ভোর ৬.০০ ঘটিকা পর্যন্ত মেঘনা ও গোমতী সেতুদ্বয়ের প্রথম পর্বের স্থায়ী মেরামত কাজ সম্পাদন করা হবে। এ বিষয়ে চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, বিজিএমইএ, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন, সিএন্ডএফ এজেন্টস্ এসোসিয়েশন, বিকড়া এর সাথে ৩১ ডিসেম্বর, ২০১২ইং তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় পরিচালক (পরিবহন), চবক এর সভাপতিত্বে বন্দর ভবনস্থ বার্ষিক রুমে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

পরিচালক (পরিবহন), চবক উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার প্রারম্ভে তিনি উল্লেখ করেন যে, আগামী ০৪ জানুয়ারী, ২০১৩ইং তারিখ ভোর ৬.০০ঘটিকা হতে ০৮ জানুয়ারী, ২০১৩ইং তারিখ ভোর ৬.০০ঘটিকা পর্যন্ত মেঘনা ও গোমতী সেতুদ্বয়ের প্রথম পর্বের স্থায়ী মেরামত কাজ সম্পাদন করা হবে। এ সময়ে সেতুদ্বয় বন্ধ রাখা সহ সার্বিক সমন্বয় ও করণীয় নির্ধারণে ৩০/১২/২০১২ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় যোগাযোগ মন্ত্রণালয়ের সভা কক্ষে মাননীয় যোগাযোগ মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে ও মাননীয় নৌ-পরিবহন মন্ত্রী মহোদয়ের উপস্থিতিতে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত চট্টগ্রাম বন্দরের জনাব আহমেদুল করিম, ডিটিএম(আইসিডি), চবক হতে জানা যায় যে-

- ১। আগামী ০৪ জানুয়ারী, ২০১৩ইং তারিখ ভোর ৬.০০ঘটিকা হতে ০৮ জানুয়ারী, ২০১৩ইং তারিখ ভোর ৬.০০ঘটিকা পর্যন্ত মেঘনা ও গোমতী সেতুদ্বয়ের প্রথম পর্বের স্থায়ী মেরামত কাজ সম্পাদন করা হবে।
- ২। উক্ত সময়ে চট্টগ্রাম বন্দর হতে লং ভেহিক্যাল/ট্রেইলারে মালামাল/কন্টেইনার ডেলিভারী প্রদান বন্ধ রাখার নির্দেশ প্রদান করা হয়েছে।
- ৩। ট্রাক ও কাভার্ড ভ্যান এ ডেলিভারীর ক্ষেত্রে চবক এর ওয়েবসাইট সমূহের মাধ্যমে শত ভাগ একসেল লোড পরীক্ষাপূর্বক ছাড় প্রদানের নির্দেশনা দেয়া হয়েছে।
- ৪। চট্টগ্রাম বন্দর থেকে মালামাল বোঝাই কাভার্ড ভ্যান এর এক্সেল লোড নিয়ন্ত্রণের জন্য চবক এর নিরাপত্তা বিভাগ ছাড়াও বন্দরে নিয়োজিত সেনা নিরাপত্তা সেলকে কাজে লাগানোর জন্য নির্দেশ প্রদান করা হয়েছে।

বিষয়টি নিয়ে উপস্থিত সংশ্লিষ্ট সকলের সাথে আলোচনান্তে নিম্নমতে সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- ক) আগামী ০২ জানুয়ারী, ২০১৩ইং থেকে বন্দরে আগমনতব্য সরাসরি ডেলিভারীযোগ্য জাহাজের মেনিফেস্ট ঘোষিত মালামাল সম্পূর্ণ ঢাকাগামী হলে উক্ত জাহাজের বার্ষিক ০৭/০১/২০১৩ইং অবধি স্থগিত রাখা হবে।
- খ) আগামী ০২ জানুয়ারী, ২০১৩ইং সি শিফট থেকে বন্দরের বার্থে অবস্থানরত জাহাজসমূহ হতে ঢাকা অভিমুখে সরাসরি ডেলিভারীযোগ্য প্রজেক্ট কার্গো, বিলেট, কয়েল, রাউন্ড লগ ইত্যাদি লং ট্রলীতে মালামাল খালাস/বোঝাই ৮/০১/২০১৩ইং তারিখ এ শিফট পর্যন্ত বন্ধ রাখা হবে। ৮/০১/২০১৩ইং বি শিফট হতে তা পুনঃ চালু করা হবে। উভয় ক্ষেত্রে ডিটিএম (অপাঃ), চবক সংশ্লিষ্ট আমদানীকারক/কনসাইনী/সিএন্ডএফ এর সাথে বসে ডকুমেন্ট যাচাই করে প্রয়োজনীয় ব্যবস্থা নিবেন।
- গ) সরাসরি ডেলিভারীযোগ্য ঢাকা অভিমুখী কন্টেইনার ডেলিভারী বন্ধ রাখা হবে। টার্মিনাল ম্যানেজার, চবক প্রত্যেকটি বন্ধ ডেলিভারীর ক্ষেত্রে ডকুমেন্ট পরীক্ষা করে ইহা নিশ্চিত করবেন।
- ঘ) ট্রাক ও কাভার্ড ভানে ডেলিভারীর ক্ষেত্রে চবক এর ওয়েবসাইট এর মাধ্যমে সরকারী গেজেট অনুযায়ী শতভাগ একসেল লোড পরীক্ষাপূর্বক ছাড় প্রদানের বিষয়টি নিরাপত্তা বিভাগ এবং বন্দরে নিয়োজিত সেনা নিরাপত্তা সেল প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে। এক্ষেত্রে গাইড লাইন হিসেবে সংশ্লিষ্ট সরকারী গেজেট সংযুক্ত করা গেল যা অবশ্যই অনুসরণীয়।
- ঙ) রপ্তানী পণ্য জাহাজীকরণ ত্বরান্বিত করার লক্ষ্যে ০৩/০১/২০১৩ইং হতে ১০/০১/২০১৩ইং পর্যন্ত বন্দরে কার্যকর বর্তমান কাট অব টাইম ২৪ ঘন্টা শিথিল রাখার বিষয়টি যথাযথ কর্তৃপক্ষ বরাবরে উপস্থাপন করা হবে।

উপরোক্ত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে সভাপতি ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাঃ/-

পরিচালক (পরিবহন)

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

তারিখ-৩১/১২/২০১২ইং।

নং-ডিটি/শিপ/মিটিং/৯৬/২০১০(অংশ-১)/১৯১৫